কোন স্পেশাল এডুকেশন সার্ভিস সুপারিশ করা হতে পারে?

আপনার সন্তানকে তার ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে সহায়তা করার জন্য বেশ কিছু পরিষেবা রয়েছে। এগুলোর মধ্যে ডিস্ট্রিক্ট স্কুলে, **স্পেশালালাইজড প্রোগ্রামে,** এবং **ডিস্ট্রিক্ট ৭৫**-এ জেনারেল এডুকেশনের ক্লাসরুমে প্রদত্ত পরিষেবা ছাড়াও আছে আরও নিবিড় পরিষেবা। নিচের চার্টে কিছু লভ্য পরিষেবার উল্লেখ আছে।



রিলেটেড সার্ভিস কী?

রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা), যেমন কাউন্সেলিং, অকুপেশন্যাল থেরাপি, ফিজিকেল থেরাপি, এবং স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপিও আপনার সন্তানের সাফল্য ও উন্নতিতে সহায়তার জন্য সুপারিশ করা হতে পারে। এসব পরিষেবা দেওয়া হয় আলাদাভাবে কিংবা দলগতভাবে, ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে, যা হতে পারে ক্লাসরুমে বা স্কুলের অভ্যন্তরে আলাদা কোন স্থানে। আপনার সন্তানের শিক্ষকদের ক্লাসরুম শিক্ষানির্দেশনায় সেরা সহায়তার জন্য রিলেটেড সার্ভিস সমন্বিত হয়।

আমার সন্তানের আইইপি কখন পর্যালোচনা করা হবে?

আপনার সন্তানকে স্পেশাল এডুকেশন সার্ভিস সুপারিশের পর প্রতি বছর আপনার সন্তানের আইইপি পর্যালোচনার জন্য আইইপি সভার আয়োজন করা হয়। এটাকে বলা হয় **বার্ষিক পর্যালোচনা।** তিন বছর অন্তর অন্তর একবার করে পুনর্মূল্যায়নও করতে হয়, যদি না আপনি ও স্কুল তার কোন প্রয়োজন নেই বলে লিখিত প্রদানের মাধ্যমে সম্মত হন। এটাকে বলে **ত্রি-বার্ষিক পুনর্মূল্যায়ন।** পিতামাতা ও স্কুলের স্টাফ তিন বছর অতিক্রান্ত হওয়ার আগে যদি পরিষেবা পুনর্বিবেচনার প্রয়োজন আছে বলে মনে করেন, তাহলে পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন।

আরও তথ্য বা সহায়তার প্রয়োজন আছে কি?

পূর্ণাঙ্গ ফ্যামেলি গাইড ও অন্যান্য গুরুত্বপূর্ণ ডকুমেন্ট দেখার জন্য স্পেশাল এডুকেশন ওয়েবসাইট দেখুন: http://schools.nyc.gov/Academics/SpecialEducation

আপনার সন্তান যদি কোন ডিস্ট্রিক্ট স্কুলে থাকে, তাহলে আপনার সন্তানের শিক্ষক বা অন্যান্য স্কুল স্টাফের সাথে যোগাযোগ করুন।

আপনার সন্তান যদি কোন চার্টার বা বেসরকারি স্কুলে থাকে, তাহলে কমিটি অন স্পেশাল এডুকেশনের সাথে যোগাযোগ করুন: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Help/Contacts

স্পেশাল এডুকেশন হটলাইনে ফোন করুন: (718) 935-2007 অথবা 311

স্পেশাল এডুকেশন অফিসে ইমেইল করুন: SpecialEducation@schools.nyc.gov

T&I-25116 Special Education Pamphlet Final 101116 (Bengali)

Department of Education

Bill de Blasio
Mayor

Carmen Fariña
Chancellor

স্পেশাল এডুকেশন: পরিবারের জন্য প্রশ্ন ও উত্তর

সকল **প্রতিবন্ধিতাযুক্ত** সন্তানের অধিকার আছে যতোটুকু সম্ভব তাদের অপ্রতিবন্ধী সতীর্থদের পাশাপাশি **বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা** (এএপিই) লাভ করার।

আপনার সন্তানের যদি কোন প্রতিবন্ধিতা থাকে, তাহলে এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (এনওয়াইসিডিওই) বিশেষভাবে তৈরি স্পেশাল এডুকেশন সার্ভিস বিনামূল্যে প্রদান করবে যাতে তার ব্যক্তিগত চাহিদা পূরণ হয়।

এই প্রচারপত্রে আপনারা **স্পেশাল এডুকেশন প্রক্রিয়া, ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রগ্রাম** (আইইপি), এবং **স্কুল বয়েসী স্পেশাল এডুকেশন সার্ভিস** সম্পর্কে তথ্য পাবেন।.

আমি বিশ্বাস করি আমার সন্তানের অধিক সহায়তার প্রয়োজন। আমার কী করা উচিত?

আপনার সন্তানের জন্য সাধারণ শিক্ষা ব্যবস্থায়, যেমন রিডিং ও ম্যাথ ঘাটতি পূরণ বা কাউন্সেলিং কর্মসূচির মতো কোন সহায়তা আছে কিনা, সেটা জানতে প্রথমে আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন। এসব সহায়তা যদি আপনার সন্তানের প্রয়োজন মেটাতে না পারে, তাহলে আপনার সন্তানের স্কুলের কোন পেশাদার স্টাফের কাছে (যেমন শিক্ষক বা স্কুল মনোবিদ) স্পেশাল এডুকেশন মূল্যায়নের জন্য একটি লিখিত আবেদনপত্র জমা দিয়ে একটি **প্রাথমিক সুপারিশ** গ্রহণ করুন। আপনার সন্তান যদি এনওয়াইসিডিওই-এর কোন ডিস্ট্রিক্ট স্কুলে না থাকে, তাহলে আপনার ডিস্ট্রিক্টের **কমিটি অন স্পেশাল এডুকেশন** (সিএসই)-এর অফিসে যোগাযোগ করুন।

প্রাথমিক সুপারিশের পর কি ঘটবে?

আপনি ১০ স্কুল দিবসের মধ্যে একটি **নোটিস অভ রেফারেল** পাবেন যা আপনার অধিকারের ব্যাখ্যা দেবে, সকল প্রশ্ন জিজ্ঞাসার জন্য একজন ব্যক্তির যোগাযোগের তথ্য পাবেন, এবং এর মাধ্যমে একজন সোশ্যাল ওয়ার্কারের সাথে দেখা করে **সামাজিক ইতিহাস বিষয়ে সাক্ষাৎকার** দিতে অনুরোধ করা হবে। এ সাক্ষাৎকারে আপনার সাথে আপনার সন্তানের অগ্রগতির বিষয়ে অবহিত করা হবে এবং **কনসেন্ট ফর ইনিশিয়ার ইভ্যাল্যুয়েশন** (প্রাথমিক সুপারিশের সম্মতিপত্র) ফরম সই করা হবে। আপনার সম্মতি পাওয়ার পর আইইপি টিম বা ডিস্ট্রিক্ট সিএসই আপনার সন্তানের মূল্যায়ন ও একটি আইইপি সভা অনুষ্ঠানের জন্য ৬০ পঞ্জিকা দিবস পাবে।

মূল্যায়নে কী কী অন্তর্ভুক্ত থাকবে?

যথাযথ হলে সামাজিক ও মানসিক অবস্থা, সাধারণ বুদ্ধিমত্তা, প্রাতিষ্ঠানিক কর্মসম্পাদনা, কারিগরি দক্ষতা, ভাষাগত ও পেশী সঞ্চালন ক্ষমতাসহ ধারণাকৃত প্রতিবন্ধিতার ক্ষেত্রগুলোর সাথে সম্পর্কিত সবগুলো বিষয়ে আপনার সন্তানকে মূল্যায়ন করা হবে।

আমি কীভাবে আইইপি সভার জন্য প্রস্তুত হতে পারি?

মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর আপনাকে কপি এবং আইইপি সভার তারিখের কমপক্ষে পাঁচদিন পূর্বে আমন্ত্রণপত্র দেওয়া হবে। আপনি তথ্য আপনার পছন্দের ভাষায় অনুবাদ করে দেওয়ার এবং সভায় দোভাষীর ব্যবস্থা রাখার অনুরোধ জানাতে পারেন। এছাড়াও আপনাকে সহায়তা করার জন্য আপনি একজন প্রতিবন্ধীযুক্ত শিক্ষার্থীর পিতামাতাকে উপস্থিত থাকার অনুরোধ জানাতে পারবেন যিনি আপনার স্কুল ডিস্ট্রিক্টে বা কাছাকাছি বসবাস করেন। আপনি আইইপি টিমের একজন গুরুত্বপূর্ণ সদস্য, তাই প্রোশ্নোত্তরের জন্য প্রস্তুত হয়ে আসবেন।

আইইপি সভায় কী ঘটতে পারে?

প্রাথমিক সুপারিশের জন্য আইইপি সভায় আপনি, স্পেশাল এডুকেশনের শিক্ষক, জেনারেল এডুকেশনের শিক্ষক, ডিস্ট্রিক্ট প্রতিনিধি, স্কুল সাইকোলজিস্ট, স্কুল সোশ্যাল ওয়ার্কার, এবং প্রয়োজনবোধে শিক্ষার্থী অন্তর্ভুক্ত থাকবেন। আপনার সন্তান প্রতিবন্ধিতার ১৩টি বিভিন্ন শ্রেণির প্রতিবন্ধিতার এক বা একাধিকটির অন্তর্ভুক্ত কিনা এবং স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজনীয়তা প্রদর্শন করে কিনা, সেটা নিশ্চিত হওয়ার জন্য আইইপি টিম আইইপি সভায় বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করবে। আপনার সন্তান যদি এসব মাপকাঠি অনুযায়ী যোগ্য হয়, তাহলে একটি **ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম** (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা, আইইপি) তৈরি করা হবে।

প্রতিবন্ধিতার ১৩টি বিভিন্ন শ্রেণি কী কী?

অটিজম, বধিরতা, বধির-অন্ধত্ব, আবেগগত সমস্যা, শ্রুতি সমস্যা, শিখন প্রতিবন্ধিতা, বৌদ্ধিক প্রতিবন্ধিতা, বহুবিধ প্রতিবন্ধিতা, অস্থিজনিত সমস্যা, অন্যান্য স্বাস্থ্য সমস্যা, বাচন অথবা ভাষঅ প্রতিবন্ধিতা, মস্তিষ্কে ট্রমাজনিত চোট, এবং দৃষ্টি সমস্যা।

আইইপি-তে কী কী অন্তর্ভুক্ত থাকে?

আইইপি একটি লিখিত নথি যাতে আপনার সন্তানের বর্তমান দক্ষতা ও সক্ষমতা, প্রাতিষ্ঠানিক লক্ষ্য, এবং তাকে তার ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে যে স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করা হবে, অন্তর্ভুক্ত থাকে। "**ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ**" (এলআরই) বলতে বুঝায় আপনার সন্তানকে যথাসম্ভব বেশি সময় অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে একসঙ্গে লেখাপড়ার সুযোগ প্রদান করা হবে।

আইইপি সভার পর কী হবে?

সভা শেষে আপনি আইইপি-এর কপি এবং আপনার পছন্দের ভাষায় একটি **প্রায়োর রিটেন নোটিশ** (পূর্বলিখিত বিজ্ঞিপ্ত) পাবেন যার মাধ্যমে আপনার সন্তান প্রতিবন্ধিতাযুক্ত বলে প্রতিপন্ন হলে সে যে স্পেশাল এডুকেশন সার্ভিস পাবে, তা জানান হবে। আপনার সন্তান যখন প্রথমবারের মতো স্পেশাল এডুকেশন সার্ভিস লাভ করবে, আপনাকে তখন অবশ্যই সম্মতিপত্রে সই করে সম্মতি দিতে হবে যাতে আপনার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিসের সূচনা হয়। একটি চিঠি, যাকে বলা হয় **অথরাইজেশন টু অ্যাটেন্ট** (অংশগ্রহণের অনুমোদন) আপনার কাছে পাঠান হবে যাতে সার্ভিস শুরুর তারিখ উল্লেখ থাকবে। আপনি সন্তানকে মুল্যায়নের সম্মতি দেওয়ার পরবর্তী ৬০ দিনের মধ্যে এই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।